দৈনিক ইনকিলাব
তারিখ
পৃষ্ঠা ১ কলাম ১
NOV. 27 2002



*ইনকিলাব ঃ ছাত্রদল হাজী মুহসীন হল শাখার নবীনবরণ ও সম্মেলন উপলক্ষে গতকাল ক্যাম্পাসে বর্ণাঢ্য র‍্যালি শেষে ছাত্ররা আনন্দ-উল্লাস করে*

# ছাত্রদল মুহসীন হল শাখার নবীনবরণ ও সম্মেলন অনুষ্ঠিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদল হাজী মুহসীন হল শাখার নবীনবরণ ও সম্মেলন গতকাল (মঙ্গলবার) অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে সকালে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। রঙ-বেরঙের ব্যানার, ফেস্টুন ও টমটমসহ আকর্ষণীয় র‍্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। বিকেলে হল প্রাঙ্গণে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা সিটি করপোরেশনের মেয়র ও মহানগর বিএনপির সভাপতি সাদেক হোসেন খোকা বলেন, ছাত্ররাজনীতির অতীত গৌরব ফিরিয়ে আনতে হবে। সম্মেলন উদ্বোধন করেন ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক শফিউল বারী বাবু। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য ফজলুল হক মিলন ও রাশিদুজ্জামান মিল্লাত, ডাকসুর সাবেক জিএস খায়রুল কবীর খোকন, ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক এ বি এম মোশাররফ হোসেন ও মনির হোসেন, কেন্দ্রীয় সদস্য সুলতান সালাউদ্দিন টুকু। গোলাম হাফিজ নাহিনের সভাপতিত্বে এবং আনোয়ারুল কবীর রয়েলের পরিচালনায় সম্মেলনে আরো বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম-আহ্বায়ক আমিরুল ইসলাম আলিম, আসাদুজ্জামান আসাদ, হায়দার আলী লেলিন, সাঈদ ইকবাল মাহমুদ টিটো, বিশ্ববিদ্যালয় নেতা ওমর ফারুক সাদিন, রফিকুল ইসলাম রাজন।